# একে অপরের সাথে ও ঈশ্বরের সাথে সঠিক হওয়ার বিষয়ে বাইবেল কি বলে

এ-ই বাইবেল অধ্যায়ন, আপনাকে একে অপরের সাথে এবং ঈশ্বরের সাথে সঠিক হওয়ার বিষয়ে কি শিক্ষা দেয় তা পরীক্ষা করতে সাহায্য করে। আপনি এটি নিজেই বা ছোট দলের সাথে অধ্যয়ন করতে পারেন।সময় নিয়ে বিবেচনা করুন এটি আপনি এবং আপনার ব্যক্তিগত জীবনে এবং পরিচর্য্যায় কিভাবে প্রযোজ্য।

**প্রশ্নগুলোর উত্তর দিন :** যে বাইবেলের পদগুলি দেওয়া আছে সেখান থেকে উত্তর খুজে পাবেন। আরও বোঝার জন্য, এই পদগুলির আগেপরের পদগুলিও পড়ুন।

১। যীশু খ্রীষ্টের সুসমাচারের প্রকৃত বার্তা কি?*(লূক ২৪:৪৭; প্রেরিত ২৬:১৮)*

২। ক্ষমা পেতে হলে আমাদের কি করা দরকার?*(গীতসংহিতা ৩২:১-৫; ১ যোহন ১:৮-১০)*

৩। ক্ষমা পাওয়ার সুবিধাগুলি কি কি?*(রোমীয় ৬:২৩; যাকোব ৫:১৬; প্রেরিত ৩:১৯-২০)*

৪। যারা আমাদের প্রতি খারাপ ব্যবহার করে বা কষ্ট দেয় তাদেরকে কেন ক্ষমা করা উচিত? *(মথি ৬:১২, ১৪-১৫, ১৮:২২-৩৫; ইব্রীয় ১২:১৪-১৫)*

৫। আপনার বন্ধু/স্বামী/স্ত্রী যদি আপনার বিরুদ্ধে পাপ করতে থাকে তার প্রতি আপনার মনোভাব কেমন হওয়া উচিত?*(মথি ১৮:২২; কলসীয় ৩:১৩)*

৬। অনুতাপ কি?*(লূক ৩:৮; প্রেরিত ২৬:২০; হিতোপদেশ ২৮:১৩)*

৭। কিভাবে একজন লোক তার আচরণ পরিবর্তন করতে পারে? *(রোমীয় ৭:২৫ (১৮-২৫); ইব্রীয়১২:২৪)*

## ছোট দলের মধ্যে প্রশ্ন আলোচনা:

৮। আপনি আপনার বন্ধু/স্বামী/স্ত্রীর বিরুদ্ধে কোন অন্যায় করলে বা কষ্ট দিলে তাদের থেকে ক্ষমা পাওয়ার জন্য আপনি  কিভাবে ক্ষমা চাইবেন?

## নিজের জন্য নীরবে ব্যক্তিগত প্রতিফলন:

৯। আপনি ঈশ্বরেকে কষ্ট দিলে বা হতাশ করলে নিজে ক্ষমা পাওয়ার জন্য ঈশ্বরের কাছ থেকে কিভাবে ক্ষমা চাইবেন?

## প্রতি উত্তরঃ একে অপরের সাথে ও ঈশ্বরের সাথে সঠিক হওয়ার বিষয়ে বাইবেল কি বলে

১। যীশু খ্রীষ্টের সুসমাচারের প্রকৃত বার্তা কি?*(লূক ২৪:৪৭; প্রেরিত ২৬:১৮)*

*যারা অনুতাপ করে তাদের জন্য পাপের ক্ষমা আছে। অনুতাপ আমাদের ঈশ্বরের আরো কাছে নিয়ে আসে, আমাদেরকে ঈশ্বরের পরিবারে অর্ন্তভুক্ত করে। (অন্ধকারের রাজ্য থেকে আলোর রাজ্যে নিয়ে আসে)।*

২। ক্ষমা পেতে হলে আমাদের কি করা দরকার?*(গীতসংহিতা ৩২:১-৫; ১ যোহন ১:৮-১০)*

*সৎ হও! আমি যে পাপগুলো/ ভুলগুলো করেছি তা ঈশ্বরের কাছে স্বীকার করা (করুন) এবং তাঁকে ক্ষমা করতে বলুন। নিজের প্রতি, (দেহ, মন, আত্মা) অন্যদের প্রতি এবং ঈশ্বরের প্রতি বারংবার/ বহুগুন পাপের বোঝাকে বাড়িয়ে তুলেছেন (যেমন মিথ্যা, প্রতারণা ইত্যাদি) তা বিবেচনা করুন।*

৩। ক্ষমা পাওয়ার সুবিধাগুলি কি কি?*(রোমীয় ৬:২৩; যাকোব ৫:১৬; প্রেরিত ৩:১৯-২০)*

*অনন্ত জীবন। সুস্থতা।  ঈশ্বর আমাদের প্রার্থনাগুলোর উত্তর দেন। পরিশুদ্ধ করেন।*

৪। যারা আমাদের প্রতি খারাপ ব্যবহার করে বা কষ্ট দেয় তাদেরকে কেন ক্ষমা করা উচিত? *(মথি ৬:১২, ১৪-১৫, ১৮:২২-৩৫; ইব্রীয় ১২:১৪-১৫)*

*ঈশ্বর আমাদের ক্ষমা করবেন, (কেবলমাত্র) যদি আমরা অন্যদের ক্ষমা করি। আমরা যদি ক্ষমা না করি, তাহলে আমরা নির্যাতিত হব। আমাদের মধ্যে তিক্ততার একটা শিকর অন্যদেরকে কলুষিত করবে।*

৫। আপনার বন্ধু/স্বামী/স্ত্রী যদি আপনার বিরুদ্ধে পাপ করতে থাকে তার প্রতি আপনার মনোভাব কেমন হওয়া উচিত?*(মথি ১৮:২২; কলসীয় ৩:১৩)*

*ক্রমাগত ক্ষমা করতে থাকা, অন্যদের ত্রুটি সহ্য করা। নম্রভাবে, বিনীতভাবে অন্যদেরকে সাহায্য করা।*

৬। অনুতাপ কি?*(লূক ৩:৮; প্রেরিত ২৬:২০; হিতোপদেশ ২৮:১৩)*

*এটা হল নিজের পাপ/ ভুল পথ থেকে ঘুরে দাঁড়ানোর এবং ঈশ্বরের দিকে ফিরে যাওয়ার সিদ্ধান্ত। অনুতাপ হল পরিবর্তনের একটা সিদ্ধান্ত। এটা একটা পছন্দ যা, সকলেই গ্রহন করতে পারে।*

৭। কিভাবে একজন লোক তার আচরণ পরিবর্তন করতে পারে? *(রোমীয় ৭:২৫ (১৮-২৫); ইব্রীয়১২:২৪)*

*কেবলমাত্র যীশু খ্রীষ্টই আমাদের পরিবর্তন করতে পারেন। কেবল তিনিই সাহায্য করতে পারেন, যদি আমরা তাঁর কাছে সাহায্য চাই।*

৮। আপনি আপনার বন্ধু/স্বামী/স্ত্রীর বিরুদ্ধে কোন অন্যায় করলে বা কষ্ট দিলে তাদের থেকে ক্ষমা পাওয়ার জন্য আপনি  কিভাবে ক্ষমা চাইবেন?

*আমরা যে ভুল করেছি এবং যে আঘাত দিয়েছি তা, সততার সাথে এবং নম্রভাবে স্বীকার করে নেওয়া। ভুল কাজগুলি কে সমর্থন না করা। আন্তরিকভাবে অন্যদের কাছে আমাদের ক্ষমা চাইতে হবে। তারা ইচ্ছুক থাকলে, সম্পর্ক মেরামত করার জন্য ক্ষতিপূরণ করতে হবে।*

৯। আপনি ঈশ্বরেকে কষ্ট দিলে বা হতাশ করলে নিজে ক্ষমা পাওয়ার জন্য ঈশ্বরের কাছ থেকে কিভাবে ক্ষমা চাইবেন?

*সৎ ও বিনম্র ভাবে উপরের আটটি বিষয় গুলির মত, আমরা যে ভুলগুলো করেছি এবং ঈশ্বরকে, যে আঘাত আমরা দিয়েছি সেগুলো স্বীকার করতে হবে। আন্তরিকভাবে ঈশ্বরের কাছে আমাদের ক্ষমা চাইতে হবে। ঈশ্বর আমাদের অন্তঃকরণ জানেন।*